"শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা
১৪৫,নিউ বেইলী রোড, ঢাকা।

বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে সংস্থার নৈতিকতা কমিটির গত ১৩/১২/২০২২ তারিখে অনুষ্ঠিত (২০২২ - ২০২৩)অর্থ বছরের ২য় কোয়ার্টারের সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | আবেদা আক্তার |
| তারিখ | : | ১৩/১২/২০২২ |
| সময় | : | বিকাল ২:৩০ টা |
| স্থান | : | জাতীয় মহিলা সংস্থার সভা কক্ষ (৫ম তলা)। |

গত ১৩/১২/২০২২ তারিখ বেলা ২:৩০ টায় সংস্থার নৈতিকতা কমিটির সভাপতি জাতীয় মহিলা সংস্থার নির্বাহী পরিচালক মহোদয়ের সভাপতিত্বে নৈতিকতা কমিটির ২য় কোয়ার্টারের সভা সংস্থার ৫ম তলায় অবস্থিত সভা কক্ষে অনুষ্ঠিত হয়।

২। **আলোচনাঃ** সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদনের নিমিত্ত উপস্থাপন করা হলে কোন সংশোধন প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত হয়। সভায় জানানো হয় যে, ২০২২ - ২০২৩ অর্থ বছরের সংস্থার শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা নির্দিষ্ট সময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করাসহ ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। ১ম কোয়ার্টারের সভা যথাযথভাবে সম্পন্ন করা হয়েছে । জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন নির্দেশিকা ২০২২-২০২৩ অনুযায়ী সংস্থার আওতাধীন কার্যক্রম বাস্তবায়ন করার বিষয়ে ১ম ত্রৈমাসিক কার্যক্রমের লক্ষ্যমাত্রা ও অগ্রগতি নিয়ে সভায় আলোচনা করা হয়। সংস্থা কর্তৃক পরিচালিত প্রকল্প থেকে সভায় আগত কর্মকর্তাগণকে লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম সম্পন্ন করে ১ম কোয়ার্টারসহ ২য় কোয়ার্টারের ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন যথাসময়ে সংস্থায় প্রদানের অনুরোধ জানানো হয়।

৩। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়:

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১। | নৈতিকতা কমিটির সভা আয়োজন | সভায় জানানো হয় যে, নৈতিকতা কমিটির সভা প্রতি তিন মাস অন্তর অনুষ্ঠিত হয়। ১ম ত্রৈমাসিক সভা (জুলাই ২০২২ - সেপ্টেম্বর ২০২২) । গত ০২/১১/২০২২ তারিখে অনুষ্ঠিত হয়েছে। | কমিটির কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | প্রোগ্রাম অফিসার, জামস। |
| ২। | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | ২০২২-২০২৩ অর্থ বছরের কর্ম পরিকল্পনা অনুযায়ী নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তের ৭০% বাস্তবায়ন করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছিল। কিন্তু গত ৩০/১০/২০২২ তারিখে মন্ত্রণালয়ে অনুষ্ঠিত ফিডব্যাক সভায় নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তের ১০০% বাস্তবায়ন করার বিষয়ে নির্দেশনা পাওয়া যায়। সংস্থার শাখা এবং প্রকল্প সমূহের চলতি অর্থ বছরের ১ম ও ২য় কোয়ার্টারের কার্যক্রম অনতিবিলম্বে বাস্তবায়ন করার বিষয়ে আলোচনা হয় যা পরবর্তীতে ২য় ত্রৈমাসিক প্রতিবেদনে সন্নিবেশিত করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। | ত্রৈমাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়নের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। | উপপরিচালক (প্রশিক্ষণ, প্রকাশনা ও উন্নয়ন)/ (প্রশাসন, হিসাব ও অর্থ)/ সকল কর্মকর্তা, জামস। |
| ৩। | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholder) অংশগ্রহণে সভা | ২০২২ - ২০২৩ অর্থ বছরের কর্ম পরিকল্পনা অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত প্রতি কোয়ার্টারে ১টি করে মোট ০৪টি অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা / কর্মশালা আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল। লক্ষ্যমাত্রা অনুযায়ী গত ২১/১১/২০২২ তারিখে ১ম কোয়ার্টারে ( জুলাই২০২২- সেপ্টেম্বর২০২২) ১০ জন জেলা চেয়ারম্যান, ১০ জন জেলা কর্মকর্তা এবং সংস্থা ও সংস্থা পরিচালিত প্রকল্প সমূহের ১০ জন উদ্যোক্তা এবং ২২/১১/২০২২ তারিখে ২য় কোয়ার্টারে ( অক্টোবর ২০২২- ডিসেম্বর ২০২২) ১০জন জেলা চেয়ারম্যান, ১০ জন জেলা কর্মকর্তা এবং সংস্থা ও সংস্থা পরিচালিত প্রকল্প সমূহের ১০ জন উদ্যোক্তার অংশগ্রহণে অংশীজনের (stakeholders) অংশগ্রহণে কর্মশালা অনুষ্ঠিত হয়। | ৩য় কোয়ার্টারের (জানুয়ারি ২০২৩ – মার্চ ২০২৩) এবং ৪র্থ কোয়ার্টারের (এপ্রিল ২০২৩ – জুন ২০২৩) অংশীজনের (stake- | উপপরিচালক (প্রশাসন,হিসাব ও অর্থ)/ প্রোগ্রাম অফিসার, জামস। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | holders) অংশগ্রহণে কর্মশালা যথাসময়ে আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ৪। | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | সভায় জানানো হয় যে, সংস্থার ২০২২- ২০২৩ অর্থ বছরের কর্ম পরিকল্পনা অনুযায়ী ২য় কোয়ার্টারে ১টি এবং ৩য় কোয়ার্টারে ১টি সহ মোট ২টি শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী ১৯ এবং ২০ ডিসেম্বর ২০২২ তারিখে ০২(দুই) দিন ব্যাপি সংস্থার প্রধান কার্যালয়সহ ১০জন উপজেলা সংগঠক, ১০জন মাঠ সমন্বয়কারী ও ১০জন ট্রেড প্রশিক্ষককে ২য় কোয়ার্টারের (অক্টোবর ২০২২ - ডিসেম্বর ২০২২) শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণের বিষয় সমূহ নিম্নরূপ:<br>• ব্যয় সংকোচন ও কৃচ্ছতা সাধন এবং সরকারি কর্মচারি (আচরণ) বিধিমালা, ১৯৭৯<br>• বাজেট ব্যবস্থাপনা।<br>• সুশাসন ও জবাবদিহিতা।<br>• সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ সংক্রান্ত। | লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্দিষ্ট তারিখে ২য় কোয়ার্টারের শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপপরিচালক (প্রশাসন,হিসাব ও অর্থ)/ প্রোগ্রাম অফিসার, জামস। |
| ৫। | কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ /টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ / নথি বিনষ্টকরণ/ পরিস্কার -পরিচ্ছন্নতা বৃদ্ধি ও মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা ইত্যাদি) | সভায় জানানো হয় যে, ২০২২ - ২০২৩ অর্থ বছরে সংস্থার প্রধান কার্যালয়ের কর্ম পরিবেশ উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম (যেমন: স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ) ইত্যাদি গ্রহণের লক্ষ্যে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী ১ম কোয়ার্টারে জাতীয় মহিলা সংস্থার প্রধান কার্যালয়ের শাখা সমূহের নথি বিনষ্টকরণ ২৯.০৯.২০২২ তারিখের মধ্যে, ২য় কোয়ার্টারে টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ যেমন: ভাঙ্গা টেবিল, চেয়ার ও অন্যান্য মালামাল ২৯.১২.২০২২ তারিখের মধ্যে, ৩য় কোয়ার্টারে সংস্থার প্রধান কার্যালয়ের পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি ৩০.০৩.২০২৩ তারিখের মধ্যে সম্পন্ন করে ওয়েব সাইটে আপলোড করার লক্ষ্যমাত্রা রয়েছে। উল্লেখ্য যে, সংস্থার নথি বিনষ্ট করণের জন্য তালিকা অদ্যাবধি পাওয়া যায়নি। তালিকা চূড়ান্ত হলে সংস্থায় রক্ষিত নথি বিনষ্টকরণ মেশিনের মাধ্যমে বিনষ্টযোগ্য নথি ধ্বংস করা হবে। | লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্দিষ্ট তারিখের মধ্যে ভবনের পরিস্কার পরিচ্ছন্নতা সহ অন্যান্য কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | উপপরিচালক (প্রশাসন,হিসাব ও অর্থ)/ সকল শাখা প্রধান/ কম্পিউটার প্রশিক্ষক (সংযুক্ত), জামস। |
| ৬। | আওতাধীন আঞ্চলিক/ মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদান | সভায় জানানো হয় যে, সংস্থার ২০২২- ২০২৩ অর্থ বছরের কর্ম পরিকল্পনা অনুযায়ী ৩১.১০.২০২২ তারিখের মধ্যে ১টি, ৩১.০১.২০২৩ তারিখের মধ্যে ১টি এবং ৩০.০৪.২০২৩ তারিখের মধ্যে ১টি সহ মোট ০৩টি ফিডব্যাক সভা/ কর্মশালা আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী গত ২৭/১১/২০২২ তারিখে সংস্থার প্রধান কার্যালয়সহ জেলা কার্যালয়ের কর্মকর্তাদের অংশগ্রহণে জেলা কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদান কর্মশালা অনুষ্ঠিত হয়। | লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্দিষ্ট তারিখের মধ্যে ২য় ও ৩য় কোয়ার্টারের ফিডব্যাক সভা/ কর্মশালা সম্পন্ন করতে হবে। | উপপরিচালক (প্রশাসন,হিসাব ও অর্থ)/প্রোগ্রাম অফিসার/ কম্পিউটার প্রশিক্ষক (সংযুক্ত), জামস। |
| ৭। | ২০২২-২৩ অর্থ বছরের রাজস্ব ও উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়- | সংস্থার চলতি অর্থ বছরের (২০২২-২০২৩) রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ১০ আগষ্ট ২০২২ তারিখে এবং প্রকল্প সমূহের ক্রয় পরিকল্পনা ২৮ আগষ্ট ২০২২ তারিখে সংস্থার ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। ক্রয় পরিকল্পনা অনুযায়ী সংস্থা | কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | প্রকল্প পরিচালক (সকল)/ উপপরিচালক |

<table>
<tr><td></td><td>পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ</td><td>এবং প্রকল্প সমূহের ১ম এবং ২য় কোয়ার্টারের কার্যক্রম জরুরীভাবে বাস্তবায়ন করা প্রয়োজন। আগামী অর্থ বছরে (২০২৩ - ২০২৪) শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন নির্দেশিকা ও মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী সংস্থা ও প্রকল্পের ক্রয় পরিকল্পনা নির্দিষ্ট তারিখে একসাথে ওয়েবসাইটে আপলোড করতে হবে মর্মে সভায় জানানো হয়।</td><td></td><td>(প্রশাসন,হিসাব ও অর্থ)/প্রোগ্রাম অফিসার / কম্পিউটার প্রশিক্ষক (সংযুক্ত), জামস।</td></tr>
<tr><td>৮।</td><td>অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের)</td><td>চলতি অর্থ বছরের ১ম কিস্তির অর্থ ছাড় বিলম্বে হওয়ার কারণে সংস্থার লক্ষ্যমাত্রা অনুযায়ী ক্রয় কার্যক্রম বাস্তবায়ন করা হয়নি। তবে ইতোমধ্যে ১ম কিস্তির অর্থ পাওয়া গিয়েছে বলে সভায় জানানো হয়। ক্রয় পরিকল্পনা অনুযায়ী সংস্থা এবং প্রকল্পসমূহের ১ম এবং ২য় কোয়ার্টারের কার্যক্রম অতিদ্রুত বাস্তবায়ন করার বিষয়ে আলোচনা করা হয়। উল্লেখ্য যে ইতোমধ্যে জেলা ভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা) ক্রয় পরিকল্পনা সংস্থায় প্রেরণ করা হলে সেটি ওয়েবসাইটে আপলোড করা হয় কিন্তু বাস্তবতার নিরিখে উক্ত প্রকল্পের ক্রয় কার্যক্রম বাস্তবায়ন হয়নি বলে প্রকল্পের সহকারী পরিচালক সভাকে অবহিত করেন।</td><td>কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</td><td>সকল প্রকল্প পরিচালক/ সহকারী পরিচালক (হিসাব ও অর্থ)/ কম্পিউটার প্রশিক্ষক (সংযুক্ত), জামস।</td></tr>
<tr><td>৯।</td><td>বাজেট বাস্তবায়ন</td><td>২০২২- ২০২৩ অর্থ বছরের সংস্থা এবং প্রকল্প সমূহের বাজেট বাস্তবায়নের লক্ষ্যমাত্রা নিম্নরুপভাবে নির্ধারণ করা হয়েছে।
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>সংস্থা ও সংস্থা পরিচালিত প্রকল্প সমূহের নাম</th><th>২০২২-২০২৩ অর্থ বছরের লক্ষ্য মাত্রা</th><th>লক্ষ্য মাত্রা/ অর্জন</th><th>১ম কোয়ার্টার</th><th>২য় কোয়ার্টার</th><th>৩য় কোয়ার্টার</th><th>৪র্থ কোয়ার্টার</th></tr>
<tr><td rowspan="2">১।</td><td rowspan="2">জাতীয় মহিলা সংস্থা</td><td rowspan="2">১০০%</td><td>লক্ষ্য মাত্রা</td><td>২৫%</td><td>২৫%</td><td>২৫%</td><td>২৫%</td></tr>
<tr><td>অর্জন</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td rowspan="2">২।</td><td rowspan="2">তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়)</td><td rowspan="2">৯৮%</td><td>লক্ষ্য মাত্রা</td><td>১৮%</td><td>২০%</td><td>২০%</td><td>৪০%</td></tr>
<tr><td>অর্জন</td><td>১৮.৩৩%</td><td></td><td></td><td></td></tr>
<tr><td rowspan="2">৩।</td><td rowspan="2">তৃণমূল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্প</td><td rowspan="2">১০০%</td><td>লক্ষ্য মাত্রা</td><td>২৫%</td><td>২৫%</td><td>২৫%</td><td>২৫%</td></tr>
<tr><td>অর্জন</td><td>১৩.৩৬%</td><td>৪.৫%</td><td></td><td></td></tr>
<tr><td rowspan="2">৪।</td><td rowspan="2">জেলা ভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা)</td><td rowspan="2">১০০%</td><td>লক্ষ্য মাত্রা</td><td>২৫%</td><td>২৫%</td><td>২৫%</td><td>২৫%</td></tr>
<tr><td>অর্জন</td><td>৮.৭৮%</td><td>১০.২%</td><td></td><td></td></tr>
</table>
চলতি অর্থ বছরের (২০২২-২০২৩) লক্ষ্যমাত্রা অনুযায়ী ১ম ও ২য় কোয়ার্টারের কার্যক্রম অতিদ্রুত বাস্তবায়ন করতে হবে বলে সভায় আলোচনা করা হয়।</td><td>২০২২-২০২৩ অর্থ বছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী বাজেট বাস্তবায়ন করতে হবে।</td><td>সকল প্রকল্প পরিচালক/ উপপরিচালক (প্রশাসন,হিসাব ও অর্থ)/ সহকারী পরিচালক (হিসাব ও অর্থ), জামস।</td></tr>
</table>

<table>
<tr>
<td>১০।</td>
<td>প্রকল্পের PIC সভা আয়োজন</td>
<td>২০২২ - ২০২৩ অর্থ বছরে সংস্থা কর্তৃক পরিচালিত প্রকল্পসমূহের PIC সভার লক্ষ্যমাত্রা নিম্নোক্ত ছকে দেয়া হলো :
<table>
<tr><td>ক্রঃ নং</td><td>সংস্থা পরিচালিত প্রকল্প সমূহের নাম</td><td>২০২২-২০২৩ অর্থ বছরের লক্ষ্য মাত্রা</td><td>লক্ষ্য মাত্রা/ অর্জন</td><td>১ম কোয়ার্টার</td><td>২য় কোয়ার্টার</td><td>৩য় কোয়ার্টার</td><td>৪র্থ কোয়ার্টার</td></tr>
<tr><td rowspan="2">১।</td><td rowspan="2">তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়)</td><td rowspan="2">৪টি</td><td>লক্ষ্য মাত্রা</td><td>১টি</td><td>১টি</td><td>১টি</td><td>১টি</td></tr>
<tr><td>অর্জন</td><td>১ টি</td><td></td><td></td><td></td></tr>
<tr><td rowspan="2">২।</td><td rowspan="2">তৃণমুল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্প</td><td rowspan="2">৪টি</td><td>লক্ষ্য মাত্রা</td><td>১টি</td><td>১টি</td><td>১টি</td><td>১টি</td></tr>
<tr><td>অর্জন</td><td>-</td><td>১টি</td><td></td><td></td></tr>
<tr><td rowspan="2">৩।</td><td rowspan="2">জেলা ভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা)</td><td rowspan="2">৪টি</td><td>লক্ষ্য মাত্রা</td><td>১টি</td><td>১টি</td><td>১টি</td><td>১টি</td></tr>
<tr><td>অর্জন</td><td>১টি</td><td></td><td></td><td></td></tr>
</table>
লক্ষ্যমাত্রা অনুযায়ী চলতি অর্থ বছরের (২০২২-২০২৩) তৃণমূল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্পের ১ম কোয়ার্টারের (জুলাই ২০২২ - সেপ্টেম্বর, ২০২২) PIC সভা করা হয়নি বলে সভায় জানানো হয় । ১ম ও ২য় কোয়ার্টারের সভা সম্পন্ন করে PIC সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে বলে সভায় আলোচনা হয়।</td>
<td>লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</td>
<td>প্রক (সকল) কর্মকর্তাগণ, জামস।</td>
</tr>
<tr>
<td>১১।</td>
<td>প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা</td>
<td>সভায় জানানো হয় সংস্থা কর্তৃক পরিচালিত তথ্য আপাঃ ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্পের সমাপ্তির তারিখ জুন ২০২৩, তৃণমূল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্পের সমাপ্তির তারিখ ডিসেম্বর ২০২৫ ও জেলা ভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্পের সমাপ্তির তারিখ জুন ২০২৩। উল্লেখ্য, নগর ভিত্তিক প্রান্তিক মহিলা উন্নয়ন প্রকল্প ৩০ জুন ২০২২ তারিখে সমাপ্ত হয়েছে। উল্লিখিত প্রকল্পের ঢাকা মহানগরীতে ১০টি, ৬২টি জেলা শহরে ৬২টি এবং ৩টি উপজেলায় (ভৈরব, কালীগঞ্জ ও বাকেরগঞ্জ) ৩টি কেন্দ্রসহ মোট ৭৫টি প্রশিক্ষণ কেন্দ্র ছিল। সমাপ্ত প্রকল্পের ঢাকা মহানগরীর ১০টি কেন্দ্রের মালামাল সংস্থার প্রধান কার্যালয়ে, জেলা কেন্দ্রের মালামাল সংস্থার জেলা কার্যালয়ে এবং উপজেলা কেন্দ্রের মালামাল সংস্থার উপজেলা কার্যালয়ে বুঝিয়ে দেয়া হয়েছে।</td>
<td>প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার আসবাব পত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td>
<td>প্রকল্প পরিচালক, (সকল)/ উপপরিচালক (প্রশিক্ষণ, প্রকাশনা ও উন্নয়ন)/সহকারী পরিচালক (প্রকল্প)/ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ, জামস।</td>
</tr>
<tr>
<td>১২।</td>
<td>সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ</td>
<td>সভায় জানানো হয় ২০২২- ২০২৩ অর্থ বছরের কর্ম পরিকল্পনা অনুযায়ী সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যমাত্রা ১০০% নির্ধারণ করা হয়েছে। সরকারি বিধি মতে জ্বালানি সাশ্রয় করে সংস্থার যানবাহন যথাযথভাবে ব্যবহার করার বিষয়ে আলোচনা হয়।</td>
<td>সরকারি বিধি মতে যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে।</td>
<td>প্রকাশনা কর্মকর্তা, জামস।</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩। | মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ৩০ টি জেলা ও ১০টি উপজেলা কার্যালয়ের প্রশিক্ষণার্থীদের ভাতা প্রদান | ২০২২- ২০২৩ অর্থ বছরের কর্ম পরিকল্পনা অনুযায়ী মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে রাজস্ব বাজেটের আওতায় ৩০ টি জেলা ও ১০ টি উপজেলা কার্যালয়ের ০৪মাস মেয়াদী সেলাই প্রশিক্ষণার্থীদের ভাতা প্রশিক্ষণ শেষে প্রদানের লক্ষ্যমাত্রা ৮০% নির্ধারণ করা হয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী ১ম কোয়ার্টারের (জুলাই ২০২২ - অক্টোবর ২০২২) ১ম ব্যাচের প্রশিক্ষণ সমাপনান্তে অদ্যাবধি কোন ভাতা প্রদান করা হয়নি। অতিদ্রুত প্রশিক্ষণার্থীদের ভাতা প্রদান করার বিষয়ে আলোচনা হয়। পর্যায়ক্রমে ৫০টি জেলায় ও ৩০টি উপজেলা কার্যালয়ে মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ভাতা প্রদান করার বিষয়ে সভাপতি মহোদয় অভিমত ব্যক্ত করেন। এ বিষয়ে মন্ত্রণালয়ের অনুমতি নেওয়ার প্রয়োজন বলে তিনি জানান। | মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে আর্থিক লেনদেনের কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপপরিচালক (প্রশিক্ষণ, প্রকাশনা ও উন্নয়ন)/ (প্রশাসন, হিসাব ও অর্থ)/ সহকারী পরিচালক ( হিসাব ও অর্থ)/ সহকারী পরিচালক (প্রকল্প), জামস। |
| ১৪। | দরিদ্র ও দুঃস্থ নারীদের ক্ষুদ্র ঋণ ও স্ব-কর্ম সহায়ক ঋণ বিতরণ | ২০২২- ২০২৩ অর্থ বছরের কর্ম পরিকল্পনা অনুযায়ী দরিদ্র ও দুঃস্থ নারীদের ক্ষুদ্রঋণ ও স্ব-কর্ম সহায়ক ঋণ বিতরণ কার্যক্রম ১০০% নির্ধারণ করা হয়েছে। অর্থ ছাড় না হওয়ার কারণে লক্ষ্যমাত্রা অনুযায়ী ক্ষুদ্রঋণ বিতরণ করা সম্ভব হয়নি। স্ব-কর্ম সহায়ক ঋণ বিতরণ, আদায় ও খেলাপী ঋণের তথ্য হালনাগাদ করার বিষয়ে সভায় আলোচনা হয়। | ঋণ বিতরণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপপরিচালক (প্রশিক্ষণ, প্রকাশনা ও উন্নয়ন)/ (প্রশাসন, হিসাব ও অর্থ)/ সহকারী পরিচালক (প্রকল্প), জেলা কর্মকর্তা (সংযুক্ত), জামস। |
| ১৫। | সংস্থার ডে - কেয়ার সেন্টারের শিশুদের ভর্তি ফি ও মাসিক বেতনের রশিদ প্রদান | সংস্থার প্রধান কার্যালয়ের ৪র্থ তলায় অবস্থিত ডে-কেয়ার সেন্টারের ৫০টি শিশুকে দিবাযত্ন সেবা দেয়ার ব্যবস্থা রয়েছে। ডে-কেয়ার সেন্টারে কর্মজীবী মহিলাদের ১ থেকে ৬ বছর বয়সের শিশুদের দিবাযত্ন সেবা দেয়া হয়। বর্তমানে কেন্দ্রটিতে ১২ জন শিশুকে দিবাযত্ন সেবা দেয়া হচ্ছে।শিশুদের ভর্তি ফি ১,৫০০/- টাকা এবং মাসিক বেতন ৮০০/- টাকা। গ্রহণকৃত অর্থের রশিদ প্রদান নিশ্চিত করা হয়। এছাড়া রেজিষ্টার খাতা নিয়মিত সংরক্ষণ করা হয় বলে সভায় জানানো হয়। | ভর্তি ফি এবং মাসিক বেতনের গ্রহণকৃত অর্থের রশিদ প্রদান নিশ্চিত করতে হবে। | উপপরিচালক (প্রশিক্ষণ, প্রকাশনা ও উন্নয়ন)/ (প্রশাসন, হিসাব ও অর্থ)/ সহকারী পরিচালক (প্রকল্প), জামস। |

৪। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা:/

(আবেদা আক্তার)
নির্বাহী পরিচালক (অতিরিক্ত সচিব)
ও
সভাপতি
নৈতিকতা কমিটি
জাতীয় মহিলা সংস্থা।

স্মারক নং: ৩২.০২.০০০০.০০৪.০৫.০০৫.১৬ . ৬৪৬ তারিখ: 22/12/2022

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রকল্প পরিচালক, তথ্য আপাঃ ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প
(২য় পর্যায়), জাতীয় মহিলা সংস্থা।

২। প্রকল্প পরিচালক, তৃণমূল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্প, জাতীয় মহিলা সংস্থা।

৩। প্রকল্প পরিচালক, জেলা ভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা), জাতীয় মহিলা সংস্থা।

৪। পরিচালক, জাতীয় মহিলা সংস্থা।

৫। উপপরিচালক (প্রশিক্ষণ, প্রকাশনা ও উন্নয়ন)/ (প্রশাসন,হিসাব ও অর্থ), জাতীয় মহিলা সংস্থা।

৬। সহকারী পরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব/প্রকাশনা/প্রকল্প/ অর্থ), জাতীয় মহিলা সংস্থা।

৭। কম্পিউটার প্রশিক্ষক (জেভিমকপ্রপ্র) সংযুক্ত, জামস (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত সহকারী ( চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), জাতীয় মহিলা সংস্থা।

২। নির্বাহী পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী নির্বাহী পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), জাতীয় মহিলা সংস্থা।

22/12/2022

(আফরোজা বেগম)
প্রোগ্রাম অফিসার
ও
সদস্য সচিব
নৈতিকতা কমিটি
জাতীয় মহিলা সংস্থা

Karjopotro-319